যুগান্তর

10 NOV 2013

পৃ ৩

জেএসসি ও জেডিসি পরীক্ষা অনুপস্থিত ৩৭,৭২৬ বহিষ্কার ১৯

যুগান্তর রিপোর্ট

হরতালের কারণে স্থগিত করা জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা শনিবার ছুটির দিনে অনুষ্ঠিত হয়। এদিন সারা দেশে ৩৭ হাজার ৭২৬ জন শিক্ষার্থী অনুপস্থিত ছিল। এছাড়া পৃথক ৭টি বোর্ডে ১৯ জন পরীক্ষার্থীকে নকল ও অসদাচরণের অভিযোগে বহিষ্কার করা হয়েছে। শনিবার জেএসসিতে বাংলা ২য় পত্র আর জেডিসিতে আরবি প্রথম পত্রের পরীক্ষা ছিল। এদিন বিভিন্ন বোর্ডে অনুপস্থিত শিক্ষার্থীদের মধ্যে ঢাকা বোর্ডে ১৪ হাজার ৩৬ জন, চট্টগ্রাম বোর্ডে ২ হাজার ৪০৮ জন, কুমিল্লা বোর্ডে ১ হাজার ৭৬৮ জন, যশোর বোর্ডে ৩ হাজার ৪৯৫ জন, রাজশাহী বোর্ডে ২ হাজার ৩৪১ জন, দিনাজপুর বোর্ডে ১ হাজার ৫৬৫ জন, বরিশাল বোর্ডে ২ হাজার ৭৫৩ জন এবং সিলেট বোর্ডে ১ হাজার ৯৭১ জন আর মাদ্রাসা বোর্ডে ৭ হাজার ৩৮৯ জন রয়েছে। বহিষ্কৃত শিক্ষার্থীর মধ্যে ঢাকা শিক্ষা বোর্ডে ১ জন, কুমিল্লায় ৪ জন, বরিশাল ও দিনাজপুরে ১ জন করে এবং মাদ্রাসা বোর্ডে ১২ জন রয়েছে।